



কর্মচারী রাজ্য বীমা নিগম, ক্ষেত্রীয় কার্যালয়, কোলকাতা

কর্মচারী রাজ্য বীমা নিগম এমন এক অগ্রণী সংগঠন যারা অসুস্থতা, মাতৃত্ব, কর্মগত আঘাত জনিত অক্ষমতা, কর্মরত অবস্থায় দুর্ঘটনার জন্য মৃত্যুর মতো আপদকালীন পরিস্থিতিতে শ্রমিক শ্রেণীর সামাজিক নিরাপত্তা সুনিশ্চিত করে

ক্রমিক সংখ্যা	সুবিধা	যোগ্যতামান	সময়কাল	সুবিধালাভের হার
১.	চিকিৎসা জনিত সুবিধা	একজন কর্মচারীকে অবশ্যই বীমাকৃত ব্যক্তি হতে হবে।	বীমাকৃত কর্মস্থানে ক্ষেত্রে যোগদানের প্রথম দিন থেকে যতদিন পর্যন্ত বামযোগ্য কর্মস্থানে নিযুক্ত থাকবে সংশ্লিষ্ট সুবিধা প্রদানকাল যাবৎ তিনি এই সুবিধা পাবেন।	যোগ্যতামানের নিরিখে উপযুক্ত চিকিৎসা ব্যবস্থা, সুপার স্পেশালিটি চিকিৎসা, সুসংহত চিকিৎসা এবং চিকিৎসা সংক্রান্ত নির্ণয়।
২.(ক)	অসুস্থতাজনিত সুবিধা	সংশ্লিষ্ট চাঁদা প্রদানকালে ন্যূনতম ৭৮ দিনের দৈনিক মজুরীর উপর নির্ধারিত চাঁদা থাকা আবশ্যিক।	দুটি পরপর সুবিধা প্রদানকালের (১ বছরের মধ্যে) সর্বাধিক ৯১ দিন পর্যন্ত অসুস্থতাজনিত সুবিধালাভ নগদে পাবেন।	দৈনিক গড় মজুরীর ৭০ শতাংশ।
২.(খ)	বাড়তি অসুস্থতাজনিত সুবিধালাভ	সংশ্লিষ্ট চাঁদা প্রদান কালে কমপক্ষে ৭৮ দিনের চাঁদা থাকা আবশ্যিক।	নিবীর্জকরণ অস্ত্রোপচার (ভ্যাসেকটমি ও টিউবেকটমি) করার জন্য বীমাকৃত ব্যক্তিদের ক্ষেত্রে ৭ দিন এবং বীমাকৃত মহিলাদের ক্ষেত্রে ১৪ দিন অতিরিক্ত ছুটি পাওয়া যায়।	দৈনিক গড় মজুরীর ১০০ শতাংশ।
৩.	বর্ধিত অসুস্থতাজনিত সুবিধা	চারটি উপর্যুপরি চাঁদা প্রদান কালের মধ্যে ১৫৬ দিনের চাঁদা থাকতে হবে।	তালিকাত্মক নির্দিষ্ট দীর্ঘ মেয়াদী রোগের জন্য ১২৪ থেকে ৩০৯ দিন পর্যন্ত সুবিধা পাওয়া যায়। সর্বাধিক ৭৩০ দিনের জন্য নির্দিষ্ট নগদ হারে ছুটি পাওয়া যায়।	দৈনিক গড় মজুরীর ৮০ শতাংশ।
৪.(ক)	অস্থায়ী অক্ষমতাজনিত সুবিধালাভ	বীমায়োগ্য কর্মক্ষেত্রে কাজে যোগদানের প্রথম দিন থেকে এই সুবিধা মেলে।	যতদিন অস্থায়ী অক্ষমতা বিরাজ করবে।	দৈনিক গড় মজুরীর ৯০ শতাংশ।
(খ)	স্থায়ী অক্ষমতাজনিত সুবিধালাভ	বীমায়োগ্য কর্মক্ষেত্রে কাজে যোগদানের প্রথম দিন থেকে এই সুবিধা পাওয়া যায়।	সারাজীবন।	কর্মদক্ষতা হ্রাসের উপর নির্ভর করে।
৫.	নির্ভরশীলদের জন্য সুবিধালাভ	বীমায়োগ্য কর্মক্ষেত্রে কাজে যোগদানের প্রথম দিন থেকে এই সুবিধা পাওয়া যায়।	কর্মরত অবস্থায় দুর্ঘটনায় মারা গেলে নিয়ম (Rule) ৫৮ তে বর্ণিত নির্ভরশীলরা মাসিক পেনশন পাবেন।	দৈনিক গড় মজুরীর ৯০ শতাংশ নির্দিষ্ট অনুপাতে নির্ভরশীলদের মধ্যে ভাগ হবে।
৬.	মাতৃত্বকালীন সুবিধা	সদ্য অতীত একটি বা দুটি পরপর অংশদান কালের মধ্যে কমপক্ষে ৭০ দিনের দৈনিক মজুরীর উপর চাঁদা জমা আবশ্যিক।	প্রথম দুটি জীবিত সন্তানের জন্য সাধারণ প্রসবের ক্ষেত্রে ২৬ সপ্তাহ, পরবর্তী সন্তানের ক্ষেত্রে ১২ সপ্তাহ, গর্ভপাতের জন্য ৬ সপ্তাহ এবং সন্তান পোষ্য নেওয়ার জন্য এবং নিজের সন্তান অন্যের গর্ভে বেড়ে ওঠা বীমাকৃত মহিলাদের ক্ষেত্রে উক্ত বীমাকৃত মহিলা ১২ সপ্তাহ মাতৃত্বকালীন ছুটি পাবেন।	দৈনিক গড় মজুরীর ১০০ শতাংশ।
৭.	রাজীব গান্ধী শ্রমিক কল্যাণ যোজনা	কোনো শ্রমিক বীমায়োগ্য কর্মক্ষেত্রে পশ্চাত্বর্তী সময়ে ২ বছর কাজ করে থাকলে এবং এই সময় প্রতিটি অংশদানকালে ন্যূনতম ৭৮ দিনের দৈনিক মজুরীর উপর চাঁদা জমা দেওয়া থাকে তবে সেই শ্রমিক স্বেচ্ছাহীনভাবে কর্মচ্যুত, ছাঁটাই বা কর্মগত আঘাত নয় এমন কোনো দুর্ঘটনার ফলে ৪০ শতাংশের বেশী কর্মক্ষমতা হারান তবে তিনি এই প্রকল্পে বেকারভাতা পাবেন।	সর্বাধিক ২৪ মাস। যে সকল বীমাকৃত ব্যক্তি বেকারভাতা পাচ্ছেন তাঁদের কর্মদক্ষতাকে বাড়ানোর জন্য সর্বাধিক ১ বছরের বৃত্তিমূলক প্রশিক্ষণ দেওয়া হয়।	১. বেকারভাতার হার হলো ক) ১২ মাস পর্যন্ত শেষ দৈনিক গড় মজুরীর ৫০ শতাংশ হারে খ) ২৩ থেকে ২৪ মাস শেষ দৈনিক গড় মজুরীর ২৫ শতাংশ হারে ২) যিনি এই বেকার ভাতা পাচ্ছেন সেই সময়ে তিনি এবং তাঁর পরিবার চিকিৎসার সুযোগ পাবেন।
৮.	অস্ত্রোপ্তি খরচ	বীমায়োগ্য কর্মক্ষেত্রে এই সুবিধা পাওয়া যায় কাজে যোগদানের প্রথম দিন থেকে।	কোনো মৃত বীমাকৃত ব্যক্তির শেষকৃত্যের জন্য এই খরচ দেওয়া হয়।	প্রকৃত খরচ বা সর্বোচ্চ ১৫,০০০/- টাকা (পনেরো হাজার টাকা) পর্যন্ত।
৯.	প্রসবকালীন খরচ	বীমায়োগ্য কর্মস্থান ছাড়া অপর কোনো শর্ত প্রযোজ্য নয়।	সর্বাধিক দুটি প্রসবের ক্ষেত্রে সীমাবদ্ধ।	কোনো বীমাকৃত মহিলা বা বীমাকৃত ব্যক্তির স্ত্রী প্রতিটি প্রসবের জন্য ৫০০০/- টাকা করে পাবেন যদি তিনি যেখানে থাকেন সেখানে ই এস আই প্রকল্পের / ই এস আই হাসপাতালে প্রসবকালীন চিকিৎসার সুযোগ না থাকে।
১০.	অবসরপ্রাপ্ত বীমাকৃত ব্যক্তিদের চিকিৎসার সুবিধা	অবসরকালীন বয়সে উত্তীর্ণ হওয়ার ফলে অবসর প্রাপ্ত বীমাকৃত বক্তি/স্বায়ী অবসরপ্রাপ্ত/স্বেচ্ছা অবসরপ্রাপ্ত প্রকল্পের অধীন (VRS) অবসরপ্রাপ্ত/ অপরিণত অবসরপ্রাপ্ত বা কর্মজনিত আঘাতের ফলে স্বায়ীভাবে অবসরপ্রাপ্ত বীমাকৃত ব্যক্তি যদি ৫ বছর বীমায়োগ্য কর্মক্ষেত্রে চাকরী করেন তবে তিনি এবং তাঁর নির্ভরশীল স্ত্রী/স্বামী এই চিকিৎসার সুযোগ পাবেন। বীমাকৃত ব্যক্তির মৃত্যুর পর তাঁর স্ত্রী/স্বামী এবং যে সকল বিধবা নির্ভরশীল সুবিধা (DB) পাচ্ছেন তাঁরাও এই চিকিৎসার সুযোগ পাবেন।	বার্ষিক।	বার্ষিক ১২০/- হারে ই এস আই সি-র শাখা কার্যালয়ে জমা দিলে প্রকল্পের আওতায় লভ্য চিকিৎসার সুবিধা পাওয়া যায়।

সুবিধা সংক্রান্ত বিশদ তথ্যের জন্য আপনি ই এস আই সি-র ওয়েবসাইট www.esic.nic.in লগ অন করতে পারেন বা টোল ফ্রী নাম্বার 1800-11-2526-তে কল করুন।